



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও অভিযোগ প্রতিকার বিষয়ক
আইকিউএসি'র কর্মশালা অনুষ্ঠিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৮ মে ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসিওরেন্স সেলে (আইকিউএসি) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ও অভিযোগ প্রতিকার (সফটওয়্যার) বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল সাড়ে নয়টায় আইকিউএসি'র কনফারেন্স কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক। প্রধান অতিথির বক্তব্যে উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক বলেন, এই প্রশিক্ষণ কর্মকর্তাদের কার্য সম্পাদনে সহায়ক হবে এবং তাদেরকে আরো বেশি দক্ষ করে তুলবে। তিনি সফটওয়্যার পরিচালনায় কর্মকর্তাদের আরো বেশি সচেতন হওয়ার আহ্বান জানান। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্য দেন আইকিউএসি'র পরিচালক অধ্যাপক ড. সৈয়দ হাফিজুর রহমান।

কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. আবু হাসান। উপস্থিত ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ নঈম আজিজ আনসারী ও অধ্যাপক ড. শামীম আল মামুন। কর্মশালার টেকনিক্যাল সেশনে বক্তব্য দেন আইকিউএসি'র পরিচালক অধ্যাপক ড. সৈয়দ হাফিজুর রহমান ও আইন অনুষদের ডিন তাপস কুমার দাস।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি
পরিচালক (ভারপ্রাপ্ত)